# অদ্ভুত যতো আউট

**শান্তিপ্রিয় বন্দ্যোপাধ্যায়**

ক্রিকেট মাঠে প্রায়ই এমন সব ঘটনা ঘটে যায় তুলনা মেলা ভার । দারুণ মজার সেই সব ঘটনার কথা তাই কেউ ভোলেন না । ক্রিকেট-রসিকদের মনে সেই সব ঘটনা চিরকাল উজ্জ্বল হয়ে থাকে । কেউ কোনোদিন তাই ভুলতে পারেন না ডেনিস... কম্পটনের সেই ফুটবলের মত কিক্ করে বিজয় মার্চেন্টকে আউট করার কথা । কিংবা তার নিজেরই সেই অদ্ভুতভাবে আউট হয়ে যাবার ঘটনার কথা। অথবা ট্রেভর বেইলির বোকা বনে আউট হয়ে যাওয়া । শুধুমাত্র প্রতিপক্ষ খেলোয়াড়দের অসুবিধে সৃষ্টি করে ফেলার জন্যে ইংলন্ডের অধিনায়ক লেন হাটনের আউট হবার কথা । কিংবা কেনিয়ন সাহেবের মাথার টুপি খুলে উইকেটের ওপর পড়ে যাওয়ার আউট হয়ে যাবার মত মজার ঘটনার কথা কেউ কোনোদিনই ভোলেন না ।

> **পড়ে কী বুঝলে ?**
> 1. বিজয় মার্চেন্ট কার কাছে আউট হয়েছিলেন ?
> 2. কেনিয়ান সাহেবের আউট হবার পিছনে কী কারণ ছিল ?
> 3. কোন্ ক্রিকেট খেলোয়াড় ফুটবল খেলায় নিজেদের জাতীয় দলের প্রতিনিধিত্ব করেছিলেন ?

মজার খেলা ক্রিকেটের কয়েকটি দারুণ মজার ঘটনার কথাই এখন আমরা বলব । বেশ কয়েক বছর আগের কথা । ভারত সেবার গেছে ইংলন্ড সফরে । ওভাল টেস্টে সেদিন তখন ব্যাটিং করছিলেন ভারতের নামকরা ব্যাটসম্যান বিজয় মার্চেন্ট । খুব সুন্দর ভাবে খেলছিলেন তিনি । তাঁর দর্শনীয় মারের চমকে মাঠের পরিবেশই গিয়েছিল পাল্টে । রান উঠছিল খুব তাড়াতাড়ি। দেখতে দেখতে একসময়ে সেঞ্চুরিও করে ফেললেন মার্চেন্ট । ইংলন্ডের খেলোয়াড়রা হাজার চেষ্টা করেও পারছিলেন না তাঁকে আউট করতে ।

ইংলন্ডের নামকরা ব্যাটস্‌ম্যান ডেনিস কম্পটন তখন ফিল্ডিং করছিলেন শর্ট লেগে । শুধু মাত্র

ক্রিকেট নয়, ফুটবল খেলাতেও কম্পটনের তখন খুব নাম । ফুটবল খেলতেও তিনি করেছেন নিজেদের জাতীয় দলের প্রতিনিধিত্ব । একসময়ে এই শহর কলকাতাতেই কম্পটন কাটিয়ে গেছেন বেশ কয়েক বছর । সেই সময়ে তাঁকে যাঁরা ময়দানে ফুটবল আর ইডেনে ক্রিকেট খেলতে দেখেছেন, তাঁদের অনেকেই আজও ভেবে পান না যে ফুটবল, না ক্রিকেট, কোন্‌টা কম্পটন ভালো খেলতেন।

সেই কম্পটন তখন শর্ট লেগে ফিল্ডিং করছিলেন আর ভাবছিলেন যে কি করে মার্চেন্টকে আউট করা যায় । অথচ মার্চেন্টকে তাড়াতাড়ি আউট করতে না পারলে ইংলন্ডের ভীষণ বিপদ।

১২৮ রান করার পর একটা বল লেগের দিকে ঘুরিয়ে মেরে রান নিতে শুরু করলেন মার্চেন্ট। কম্পটন ফিল্ডিং করছিলেন শর্ট লেগে । তিনি ছুটলেন বলটার পেছনে । মার্চেন্ট তখন একটা রান নিতে শুরু করেছেন । বলের কাছে পৌঁছে কম্পটন বুঝলেন যে হাতে তুলে সেই বল উইকেটে ছুঁড়ে মেরে মার্চেন্টকে কিছুতেই আউট করা যাবে না । তখনি কম্পটনের মাথায় খেলে গেল একটা সাংঘাতিক বুদ্ধি । কম্পটন করলেন কি–উইকেট লক্ষ্য করে ফুটবলের মত সেই ক্রিকেট বলটায় করলেন এক কিক্‌ । মুহূর্তের মধ্যে বলটা গিয়ে ভেঙে দিল উইকেট । হতভম্ব মার্চেন্ট বোকা বনে গিয়ে খানিকক্ষণ চেয়ে থাকলেন উইকেটের দিকে । তারপর প্রশংসার চোখে কম্পটনের দিকে তাকিয়ে বেরিয়ে গেলেন মাঠ ছেড়ে ।

> **পড়ে কী বুঝলে ?**
> 1. ভারত কোন্‌ দেশে খেলতে গিয়েছিল ?
> 2. বিজয় মার্চেন্ট কোন্‌ দেশের খেলোয়াড় ছিলেন ?
> 3. ডেনিস কম্পটন ক্রিকেট ছাড়াও কোন খেলাতে বিশেষ পারদর্শি ছিলেন ?

প্রথমে ব্যাপারটা কেউ বুঝতে পারেনি । তারপর উচ্ছ্বাসে ফেটে পড়ল সারা মাঠ । হাততালি আর থামে না । এমন অভিনব রান আউট আর যে কেউ কখনো দেখেনি । ক্রিকেট ইতিহাসের এ এক নতুন নজীর ।

মার্চেন্টকে যেমন বোকা বানিয়ে আউট করে দিয়েছিলেন কম্পটন, তেমনি নিজেও একবার অনেকটা ওইরকমভাবেই আউট হয়ে গিয়েছিলেন ।

সেদিন লর্ডস মাঠে সারের বিরুদ্ধে খেলছিলেন কম্পটন । খুব সুন্দরভাবে ব্যাটিং করছিলেন তিনি । মারের পর মার, রানের পর রান–সারা মাঠে ফিলডারদের ছুটোছুটির অন্ত নেই । উইকেটের পেছনে দাঁড়িয়ে উইকেটরক্ষক আর্থার ম্যাকেন্টায়ার সুযোগ খুঁজছিলেন কম্পটনকে আউট করার । ব্যাকওয়ার্ড শর্ট লেগে বেশ ভয়ে ভয়েই দাঁড়িয়েছিলেন এরিক বেডসার। কম্পটন যেভাবে লেগের দিকে

ঘুরিয়ে বল মারছেন, তাতে যে কোনো মুহূর্তেই বেডসার বলের আঘাতে আহত হয়ে পড়তে পারেন !

ঠিক তখনি একটা লাফানো বল পেয়ে কম্পটন কষে হুক করলেন । ভীষণ জোরে মেরেছেন কম্পটন-নির্ঘাত বাউন্ডারি । বলটা কিন্তু ব্যাকওয়ার্ড শর্ট লেগে এরিক বেডসারের পায়ের বুটে লেগে ছিটকে গিয়ে পড়ল উইকেটরক্ষক আর্থার ম্যাকেন্টায়ারের হাতের গ্লাভসের মধ্যে।

> পড়ে কী বুঝলে ?
> 1. বিজয় মার্চেন্ট কত রান করেছিলেন ?
> 2. এরিক বেডসার খেলার মাঠে কোন্ পয়েন্টে ফিল্ডিং করছিলেন ?

প্রথমে হতভম্ব হয়ে গেলেও ব্যাপারটা বুঝতে পেরেই হাউজ দ্যাট বলে চীৎকার করে উঠলেন আর্থার। আম্পায়াররা আউটের নির্দেশ দিতে দেরি করলেন না এক মুহূর্তও । কম্পটন তখন থ ! ঠিক এইভাবে যে কট আউট হবেন তিনি তা বোধহয় কোনদিন ভাবতেও পারেননি।

আউট অফ্ হিজ গ্রাউন্ড নিয়ম অনুসারে ইংলন্ডের ট্রেভর বেইলী একবার আউট হয়ে গিয়েছিলেন ভারি অদ্ভুতভাবে । এ সেই ১৯৫৩ সালের কথা । সেবার লীডস্ মাঠে টেস্ট খেলা হচ্ছিল অস্ট্রেলিয়ার সঙ্গে ইংলন্ডের । একটা বল মারার পর রান না নিয়ে বেইলি দাঁড়িয়ে দেখছিলেন বলটা কোথায় যায় । পপিং ক্রীজের বাইরে দাঁড়িয়ে থাকলে কি হবে, বেইলীর ব্যাটটা ছিল ক্রীজের প্রায় এক ফুটের মধ্যে । কিন্তু বলটা দেখতে বেইলী এতই ব্যস্ত ছিলেন যে ক্রীজের মধ্যে তাঁর ব্যাটটা যে মাটি ছুঁয়ে নেই সেদিকে এতটুকুও লক্ষ্য ছিল না তাঁর । ব্যাপারটা কিন্তু অস্ট্রেলিয়ার উইকেটরক্ষকের নজর এড়ায়নি। ফলে বলটা হাতে পেয়েই তিনি উইকেট ভেঙে দিলেন । আর বেইলীও অসহায়ের মত আউট হয়ে গেলেন — ক্রিকেট খেলার আইন-কানুনের ৩২ নম্বর আইন 'আউট অফ্ হিজ গ্রাউন্ড' নিয়ম অনুসারে।

ক্রিকেট খেলার আইন-কানুনের ৪০ নম্বর নিয়মটি হল অসুবিধে সৃষ্টি করার জন্যে আউট, অর্থাৎ 'অবস্ট্রাক্টিং দ্য ফিল্ড'। প্রথম শ্রেণীর ক্রিকেট খেলায় আজ পর্যন্ত এই নিয়ম অনুসারে একজন খেলোয়াড় আউট হয়েছেন । আর তিনিই হলেন ইংলন্ডের প্রাক্তন অধিনায়ক, বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ ব্যাটস্‌ম্যান লেন হাটন !

ঘটনাটা ঘটে ১৯৫১ সালে ওভাল মাঠে । ইংলন্ডের সঙ্গে সাউথ আফ্রিকার পঞ্চম টেস্ট ম্যাচ খেলার সময় । একটা বল হাটন সাহেবের ব্যাটে লেগে উঠে গেল মাথার ওপরে– ঠিক উইকেটের ওপরে । পড়তে দিলে বলটা নির্ঘাত ওই উইকেটের ওপরেই পড়বে । তাই হাটন গেলেন তাঁর উইকেট বাঁচাতে । ওদিকে আবার সাউথ আফ্রিকার এন্‌ডেন ছুটে এলেন ক্যাচটা লোফার জন্যে । ওদিকে হাটনও

তাঁর উইকেট সামলাতে ব্যস্ত। ফলে তিনি এনডেচের ক্যাচ লোফায় বাধার সৃষ্টি করলেন। তাই ক্যাচ লোফা হল না। ক্যাচটা লুফতে না পেরে এনডেন আর সাউথ আফ্রিকার আরো কয়েকজন খেলোয়াড় অসুবিধা সৃষ্টির জন্য আউট নিয়ম অনুসারে আবেদন জানালেন। আম্পায়ারকেও তাই বাধ্য হয়েই আউটের নির্দেশ দিতে হল।

খেলতে গিয়ে উইকেট ভেঙে ফেললে ব্যাটস্‌ম্যান 'হিট উইকেট' নিয়ম অনুসারে আউট হয়ে যান। উইকেট যেভাবেই ভাঙুক না কেন, ব্যাটস্‌ম্যান 'হিট উইকেট' হবেন-তা সে ব্যাটস্‌ম্যানের শরীরে লেগে কিংবা অন্য যে কোনোভাবেই হোক-না-কেন।

ইংলন্ডের ডন কেনিয়ন একবার এইভাবে আউট হয়ে গিয়েছিলেন। এ সেই ১৯৪৯ সালের কথা। নটিংহামশায়ারের সঙ্গে খেলা হচ্ছিল উস্টার দলের। উস্টার দলের কেনিয়ন সাহেব ভালো ব্যাটস্‌ম্যান। আর সেদিন ব্যাটিংও করছিলেন খুব সুন্দরভাবে। এইসময় লেগ স্টাম্পের বাইরে একটা বল পেয়ে কষে হুক্ করলেন ডন কেনিয়ন। খুব জোরে মেরেছিলেন কেনিয়ন। মারার পর সমস্ত শরীরটা তাঁর এক পাক ঘুরে গেল, আর সঙ্গে সঙ্গে তাঁর মাথা থেকে খুলে পড়ে গেল মাথার কাউন্টি ক্যাপটা। আর টুপিটা গিয়ে পড়ল একেবারে উইকেটের ওপরে। ফলে স্টাম্পের মাথা থেকে বেল দুটো ছিটকে পড়ল মাটির ওপরে। ভেঙে গেল উইকেট। ফলে আউট হয়ে গেলেন উস্টার দলের নামকরা ব্যাটস্‌ম্যান ডন কেনিয়ন। আউট হয়ে গেলেন বড় বিশ্রী ভাবে অসহায়ের মত হিট উইকেট হয়ে।

> **পড়ে কী বুঝলে ?**
> 1. ট্রেভর বেইলী কোন্ নিয়ম অনুসারে আউট হয়েছিলেন ?
> 2. ক্রিকেট খেলার আইন-কানুনের ৪০ নম্বর নিয়মটি কী ?

এরকম সব দারুণ মজার আর ভারি অদ্ভুতভাবে আউট হয়ে যাবার ঘটনা ক্রিকেট মাঠে প্রায়ই না ঘটলেও মাঝে মাঝে ঘটে। তাই সেই সব ঘটনার কথা আমরা কেউই ভুলে যাই না। পরিষ্কার মনে করে রাখি। আর সময়ে-অসময়ে খেলার মাঠে, গল্পের আসরে কিংবা জমাটি আড্ডায় এইসব অদ্ভুত যত আউটের ঘটনার কথা বলে আনন্দ-হাসি-গানে ভরিয়ে তুলি সকলের মন। ক্রীড়ারসিকদের কাছে এইসব ঘটনার দাম যে সত্যিই অনেক...। ১৩৭৬

## জেনে রাখো

| | | |
|---|---|---|
| অদ্ভুত | — | বিস্ময়কর |
| প্রতিপক্ষ | — | বিরোধীদল |

অভিনব — নতুন ধরনের

নজীর — উদাহরণ

হতভম্ব — অবাক হওয়া, বিস্মিত হওয়া ।

ক্রীড়ারসিক — খেলার সমঝদার, খেলার রসগ্রহণে সমর্থ ।

## পাঠ পরিচয়

ক্রিকেট সম্ভবত পৃথিবীর অন্যতম জনপ্রিয় খেলা । লেখক তাঁর এই রচনায় সেই খেলা সম্পর্কে কিছু কৌতুককর ঘটনা বিবৃত করেছেন । ক্রিকেটের মাঠে খেলোয়াড়গণ নানাভাবে আউট হয়ে থাকেন । পৃথিবীর বিখ্যাত সব খেলোয়াড় কিভাবে সামান্য ভুলের জন্য আউট হয়েছিলেন সেই সকল ঘটনার চমকপ্রদ বিবরণ লেখক এখানে দিয়েছেন । ক্রীড়া রসিকদের কাছে এই সব ঘটনার মূল্য অসামান্য । এসব ঘটনার কথা আমরা ভুলে যাই না, বহুদিন পরেও তা আমাদের স্মৃতিতে উজ্জ্বলভাবে থেকে যায় । এখানেও দীর্ঘকাল আগের ঘটনাই বর্ণিত হয়েছে ।

## পাঠবোধ

### সঠিক উত্তর দাও

1. **ফুটবলের মতো কিক্ করে ডেনিস কম্পটন কাকে আউট করেছিলেন ?**

   (ক) কেনিয়ন্ (খ) বিজয় মার্চেন্ট

   (গ) ট্রেভর বেইলী (ঘ) লেন হাটন

2. **ভারতের নামকরা ব্যাটস্‌ম্যান বিজয় মার্চেন্ট আউট হবার সময়ে কোন্ টেস্টে ব্যাটিং করছিলেন ?**

   (ক) লর্ডস্ (খ) লীডস্

   (গ) ওভাল (ঘ) ইডেন

3. বেইলী আউট হয়ে গিয়েছিলেন ভারি অদ্ভুতভাবে । তাঁর আউট হবার ঘটনাটি কোন্ সালের ?

(ক) ১৯৪৯ (খ) ১৯৫০

(গ) ১৯৫১ (ঘ) ১৯৫৩

4. বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ ব্যাটস্‌ম্যান এবং ইংলন্ডের প্রাক্তন অধিনায়ক কে ছিলেন ?

(ক) ট্রেভর বেইলী (খ) লেন হাটন

(গ) ডন কেনিয়ন (ঘ) ডেনিস কম্পটন

5. উইকেটের পিছনে দাঁড়িয়ে কোন্ উইকেটরক্ষক কম্পটনকে আউট করার সুযোগ খুঁজছিলেন ?

(ক) এরিক বেডসার (খ) বিজয় মার্চেন্ট

(গ) এনড্রেন (ঘ) আর্থার ম্যাকেন্টায়ার

## অতি সংক্ষেপে লেখো

6. কোন্ টেস্টে বিজয় মার্চেন্টকে খেলোয়াড়রা হাজার চেষ্টা করেও আউট করতে পারছিলেন না।
7. সে সময়ে ইংলন্ডের কোন্ নামকরা ব্যাটস্‌ম্যান শর্ট লেগে ফিল্ডিং করছিলেন ?
8. লর্ডসের মাঠে কম্পটন কার বিরুদ্ধে খেলছিলেন ?
9. ১৯৫৩ সালে লীডস্ মাঠে কোন্ দুই দেশের মধ্যে টেস্ট খেলা হচ্ছিল ?
10. খেলতে গিয়ে উইকেট ভেঙে ফেললে ব্যাটস্‌ম্যান কোন নিয়মানুসারে আউট হয়ে যান ?
11. নটিংহাম শায়ারের সঙ্গে ১৯৪৯ সালে কোন্ দেশের খেলা হচ্ছিল ?

## সংক্ষেপে লেখো

12. ইংলণ্ডের অধিনায়ক লেন হাটন কী কারণে আউট হয়েছিলেন ?
13. কেনিয়ন সাহেবের মাথার টুপি খুলে পড়ে যাওয়ার ফলে কী ঘটেছিল ?
14. বিজয় মার্চেন্টকে আউট করার জন্য কম্পটনকে কী করতে হয়েছিল ?

15. ক্রিকেট খেলার কোন্ নিয়ম অনুসারে ট্রেভর বেইলী আউট হয়ে গিয়েছিলেন ?

16. প্রথম শ্রেণির ক্রিকেট খেলায় 'অবস্ট্রাক্টিং দ্য ফিল্ড' নিয়ম অনুযায়ী আজ পর্যন্ত একজন মাত্র খেলোয়াড় আউট হয়েছেন, তিনি কে এবং কিভাবে আউট হন ?

## বিস্তারিতভাবে লেখো

17. ইংলণ্ডের জন কেনিয়ান কিভাবে আউট হয়েছিলেন ? এ বিষয়ে বিস্তারিত আলোচনা করো ।

18. 'আউট অফ্ হিজ গ্রাউণ্ড' নিয়ম অনুসারে কিভাবে খেলোয়াড় আউট হয়ে যান ? বুঝিয়ে লেখো ।

19. বিজয় মার্চেন্টের আউট হবার ঘটনাটি বিস্তারিত ভাবে লেখো ।

20. খেলার মাঠে কম্পটন কিভাবে আউট হন, তার বর্ণনা দাও ।

21. ১৯৫১ সালে ওভাল মাঠে ইংলণ্ড এবং সাউথ আফ্রিকার পঞ্চম টেস্টে আলোচনা করো ।

## ব্যাকরণ ও নির্মিতি

### 1. নিচে দেওয়া শব্দগুলির সমাস নির্ণয় করো

| | |
|---|---|
| হাততালি | উইকেটরক্ষক |
| প্রতিপক্ষ | ক্রীড়ারসিক |

### 2. নিচের শব্দগুলির সন্ধি করো

| | |
|---|---|
| উৎ + শ্বাস | নিঃ + ঘাত |
| উৎ + জ্বল | নিঃ + দেশ |
| অধি + নায়ক | |

### 3. নিচের অংশটি হিন্দীতে অনুবাদ করো

বেশ কয়েকবছর আগেকার কথা । ভারত সেবার গেছে ইংলন্ড সফরে । ওভাল টেস্টে সেদিন তখন ব্যাটিং করছিলেন ভারতের নামকরা ব্যাটস্‌ম্যান বিজয় মার্চেন্ট । খুব সুন্দর ভাবে খেলছিলেন তিনি । তাঁর দর্শনীয় মারের চমকে মাঠের পরিবেশই গিয়েছিল পাল্টে ।

## 4. নিচে দেওয়া প্রবাদ কথাগুলির সাহায্যে বাক্য বানাও

ডুমুরের ফুল ।

নাচতে না জানলে উঠোন বাঁকা ।

চোরে চোরে মাসতুতো ভাই ।

নেই মামার চাইতে কানা মামা ভালো ।

দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল ভালো ।

ঢেঁকি স্বর্গে গিয়েও ধান ভাঙে ।

শূন্য কলসির আওয়াজ বেশি ।

## 5. ক্রিকেট খেলা সম্পর্কে একটি অনুচ্ছেদ লেখো

### আলোচনা করো

নিজেদের মধ্যে ক্রিকেট খেলার বিভিন্ন তথ্য নিয়ে আলোচনা করো । পারস্পরিক কথোপকথনের মধ্য দিয়ে নিজেদের জ্ঞানবৃদ্ধির চেষ্টা করো ।

### করতে পারো

তোমরা সকলেই হয়তো ক্রিকেট খেলো। স্কুলে নিজেদের মধ্যে এবং অন্যান্য স্কুলের ছাত্রদের সঙ্গে ক্রিকেট খেলার আয়োজন করতে পারো । ক্রিকেট সম্পর্কিত ডিবেট ও ক্যুইজের ব্যবস্থা করো ।